



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

Mail: pr@nu.edu.bd



তারিখ : ৬ মার্চ, ২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর দ্বিতীয় মেয়াদে উপাচার্য পদে যোগদান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র অনুমোদনক্রমে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়সমূহের মাননীয় চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদ কর্তৃক পুনরায় নিয়োগ লাভ করে অদ্য ০৬/০৩/২০১৭ তারিখ পূর্বাহ্নে প্রফেসর ড. হারুন-অর-রশিদ দ্বিতীয় টার্মে (২০১৭-২০২১) জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে যোগদান করেন। তাঁর পুনঃ নিয়োগের জন্য তিনি মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় শিক্ষামন্ত্রীর প্রতি গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু পরিচালনা ও এটিকে কাজিত লক্ষ্যে উন্নীত করে মান-সম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। উল্লেখ্য ড. হারুন-অর-রশিদ ২০১৩-২০১৭ (মার্চ) পর্যন্ত প্রথম টার্মে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব পালন করেন। এর পূর্বে তিনি ২০০৯-২০১২ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য ছিলেন। তিনি দেশের একজন বিশিষ্ট রাষ্ট্রবিজ্ঞানী।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়